



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল
মেজারমেন্টস্ (বিআরআইসিএম)
ড. কুদরাত-এ-খুদা সড়ক (ল্যাবরেটরি রোড), ধানমন্ডি,
ঢাকা-১২০৫
Web: www.bricm.gov.bd



স্মারক নম্বর: ৩৯.১১.০০০০.০০০.০০৩.১৮.০০০৯.২৫.৩২

তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১০ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: কর্মকর্তা-কর্মচারীগণের নির্ধারিত সময় অনুযায়ী অফিসে উপস্থিতি ও প্রস্থান প্রসঙ্গে।

সূত্র: ১। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের স্মারক নং ৩৯.০০.০০০০.০০০.০০১.৯৯.০০১৮.২২.১০৭; তারিখ: ০২-০৩-২০২৬

২। মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.০০০.৪১১.৯৯.০০০৩.১৭.৮২; তারিখ: ২৪-০২-২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্র পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ এবং সচিবালয় নির্দেশমালা, ২০২৪ এর ৮৬ সংখ্যক নির্দেশ মোতাবেক সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীর নির্ধারিত সময় অনুযায়ী অফিসে উপস্থিতি ও প্রস্থানের বাধ্যবাধকতা রয়েছে।

০২। বর্ণিতাবস্থায়, বিআরআইসিএম-এর সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে কর্মস্থলে যথাসময়ে আগমন ও প্রস্থানে নির্ধারিত সময়সূচি যথাযথভাবে অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। যথোপযুক্ত কারণ ও যথাযথ কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন ব্যতীত অফিসে বিলম্বে আগমন ও নির্ধারিত সময়ের পূর্বে কর্মস্থল ত্যাগের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণের বিরুদ্ধে বিধিমোতাবেক আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। নিজ নিজ ডিভিশনের কর্মকর্তা-কর্মচারীগণের কর্মস্থলে যথাসময়ে আগমন ও প্রস্থানের বিষয়টি নিজ নিজ লাইন ডিভিশনের ইনচার্জগণ নিশ্চিত করবেন এবং সময়ে সময়ে এবিষয়ে মহাপরিচালক মহোদয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিসমূহঃ

- (১) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পত্র।
- (২) মন্ত্রিপরিষদ বিভাগের পত্র।

১০-০৩-২০২৬
জিল্লুর রহমান
উপ-পরিচালক

ডিভিশন ইনচার্জ (সকল), বিআরআইসিএম, ঢাকা (অধীনস্থ সকল কর্মকর্তা-কর্মচারীদের অবহিতকরণের অনুরোধসহ)।

স্মারক নম্বর: ৩৯.১১.০০০০.০০০.০০৩.১৮.০০০৯.২৫.৩২/১ (৩)

তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১০ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, আইটি এন্ড পাবলিক রিলেশন সেকশন, বিআরআইসিএম (ওয়েবসাইটে আপলোডের জন্য) এবং

৩। ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, বিআরআইসিএম (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



A handwritten signature in black ink, appearing to be 'J. Rahman'.

১০-০৩-২০২৬

জিল্লুর রহমান

উপ-পরিচালক